দুটি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-পপঅ/শা-১/১ই/এম.ও-৮০/২০১১/ ২০৬ তারিখঃ ২৭/০১/১৭ খ্রিঃ

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় নবনিয়োগপ্রাপ্ত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) গণের ০২ (দুই) টি অগ্রিম বেতন (ইনক্রিমেন্ট) বৃদ্ধি প্রসংগে।

সূত্রঃ ০১। নং- ৪৫.১৭০.০১১.০০.০০.০২১.২০১০/৩৬৩ তারিখঃ ১৭/১১/২০১৬ খ্রিঃ
০২। নং- ৪৫.১৭০.০১১.০০.০০.০২১.২০১০/৩৮৮ তারিখঃ ০৮/১২/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর ০৫.১১.২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং ৮০.৩০১ (গোপনীয়)/অংশ-১৯৮৫/২০১৫/২৩৩ এবং ৮০.৩০১ (গোপনীয়)/২০১৫/২৬৪ তারিখঃ ২১/১২/২০১৫ এর মাধ্যমে সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং -৪৫.১৭০.০১১.০০.০০.০২১.২০১০/৩৬৩, তারিখঃ ১৭/১১/২০১৬ ও প্রজ্ঞাপন নং ৪৫.১৭০.০১১.০০.০০.০২১.২০১০/৩৮৫, তাং০৫/১২/২০১৬ খ্রিঃ মোতাবেক মেডিকেল অফিসার এমসিএইচএফপি (নন-ক্যাডার) এর স্থায়ী পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রম (গ্রেড-৯) অনুযায়ী নিয়োগপ্রাপ্ত এবং ৩২২ জন মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ০৬/১২/২০১৬ খ্রিঃ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে যোগদান করেন। কিন্তু এই নবযোগদানকৃত কর্মকর্তা গণের বেতনক্রমের সাথে ০২ (দুই) টি অগ্রিম বেতন (ইনক্রিমেন্ট) বৃদ্ধির বিষয়টি নিয়ে মাঠ পর্যায়ে বেতন বিল দাখিলে জটিলতা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গোচীরুভূত হওয়ায় নিম্নবর্ণিত ব্যাখ্যা প্রদান করা হলোঃ

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ০১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ/ ১৫ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ বাংলাদেশ গেজেটের ১২ নম্বর অনুচ্ছেদ ক ও গ এর নির্দেশনা নিম্নরূপঃ

"(ক) একজন এম.বি.বি.এস ডিগ্রিধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রিধারীকে ১ (এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি এইরূপ ডিগ্রি সংশ্লিষ্ট পদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;"

"(গ) কোন কর্মচারী যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি উক্ত লাইসেন্স তাঁহার পদের জন্য নূন্যতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে উক্ত কর্মচারী নিয়োগ লাভের সময় ১ (এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি পাইবেন।"

উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত জাতীয় বেতন স্কেলের সাথে উক্ত চিকিৎসক কর্মকর্তাগণ ০২ (দুই) টি অগ্রিম বেতন (ইনক্রিমেন্ট) বৃদ্ধি প্রাপ্য হবেন।

০৩। নবনিয়োগ প্রাপ্ত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৬ খ্রিঃ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদান করেন। যোগদানের পর ০৭/১২/২০১৬ ও ০৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে দুই দিন ওরিয়েন্টেশনের পর কর্মকর্তাগণ পদায়নকৃত স্ব স্ব কর্মস্থলে যোগদান করেন। এজন্য এই কর্মকর্তাগণ এই সময়ে সরকারী নিয়ম অনুযায়ী দৈনিক ভাতা ও ভ্রমন ভাতা প্রাপ্য হবেন।

০৪। অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাংলাদেশ গেজেটটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের (www.dgfp.gov.bd) ওয়েভসাইটে সন্নিবেশিত করা হয়েছে। নবযোগদানকৃত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) কে বেতন বিলের সাথে গেজেটটি সংযুক্ত করে বেতন বিল দাখিল করতে বলা হলো।

০৫। এমতাবস্থায়, এই নবযোগদানকৃত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) দের ০২ (দুই) টি অগ্রিম বেতন (ইনক্রিমেন্ট) বৃদ্ধি প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হ'ল।

মহাপরিচালকের অনুমোদনক্রমে।

২৭/০১/১৭
(শেখ মোঃ শামীম ইকবাল)
পরিচালক (প্রশাসন)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
ফোনঃ ৯১৪৬১২৮

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্মারক নং-পপঅ/শা-১/১ই/এম.ও-৮০/২০১১/ ২০৬/১(৫০৫) তারিখঃ ২৭/০১/১৭ খ্রিঃ
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)...................................... পরিবার পরিকল্পনা অধিদপ্তর। পরিচালক (এমআইএস) কে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ০১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ/ ১৫ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ বাংলাদেশ গেজেটটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েভসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)..................................বিভাগ।
৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)................................ জেলা।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সকল) ........................................ জেলা।
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সকল) ..............................উপজেলা.............................. জেলা।
৬। জনাব/বেগম ..........................................................................(নবযোগদানকৃত মেডিকেল অফিসার এমসিএইচ-এফপি)।

২৭/০১/১৭
(আফরোজা সুলতানা)
সহকারী পরিচালক (পার-১)।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

## আদেশ

তারিখ: ০১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ/ ১৫ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ৩৬৯-আইন/২০১৫।—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—(১) এই আদেশ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ, উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ১ জুলাই ২০১৫ তারিখে এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতনস্কেল, ২০১৫ কার্যকর হইবে, যথা:-

(ক) অনুচ্ছেদ ৫ এর বিধান অনুযায়ী ১ জুলাই ২০১৫ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এইরূপ নির্ধারিত বেতন ১ জুলাই ২০১৫ তারিখ হইতে প্রদান করা হইবে;

(খ) কর্মচারীগণ ১ জুলাই ২০১৫ তারিখ হইতে এই আদেশ জারির তারিখ পর্যন্ত সময়ের বেতন বকেয়া হিসাবে প্রাপ্য হইবেন;

(গ) এই আদেশের অধীন প্রদেয় অন্যান্য সকল ভাতা ৩০ জুন ২০১৫ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে;



মূল্য : টাকা ১৬.০০

(ঘ) অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীদের নীট পেনশনের পরিমাণ হইবে সর্বনিম্ন ৩০০০ (তিন হাজার) টাকা;

(ঙ) ১ জুলাই ২০১৫ তারিখ হইতে কর্মরত কোন কর্মচারী (স্বামী/ স্ত্রী) মৃত্যুবরণ করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, পেনশন, আনুতোষিক ও ভাতাদি প্রাপ্য হইবেন।

(২) বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে-

(ক) ১২ (বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি ভোগের সুবিধা পাইবেন; এবং

(খ) ১৮ (আঠারো) মাস ছুটি নগদায়নের সুবিধা ভোগ করিবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন প্রাপ্য সুবিধা ১ জুলাই ২০১৫ তারিখের পূর্বে প্রাপ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, ১ জুলাই ২০১৫ তারিখে বা উহার পর যে সকল কর্মচারী ইতোমধ্যে পিআরএল ভোগরত রহিয়াছেন তাঁহারাও পিআরএল ছুটি-পূর্ব মূল বেতনের ভিত্তিতে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠারো) মাস ছুটি নগদায়নের সুবিধা প্রাপ্য হইবেন।

**১১। বেতন নির্ধারণের পর বার্ষিক বেতনবৃদ্ধি (Increment)।**-(১) সকল কর্মচারীর বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে প্রতি বৎসর ১ জুলাই অর্থাৎ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতন নির্ধারণের পর সকল কর্মচারীর পরবর্তী বার্ষিক বেতনবৃদ্ধির তারিখ হইবে ১ জুলাই ২০১৬:

তবে শর্ত থাকে যে, নতুন যোগদানকৃত কোন কর্মচারীর কোয়ালিফাইং চাকরির মেয়াদ ন্যূনতম ৬ (ছয়) মাস হইলে তিনি বার্ষিক বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।

(২) ১ জুলাই ২০১৫ তারিখ হইতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ গেজেটে প্রকাশের পূর্বদিন (অর্থাৎ ১৪ ডিসেম্বর ২০১৫) পর্যন্ত কোন কর্মচারীর বার্ষিক-বেতনবৃদ্ধি প্রাপ্য হইলে তাহা প্রদেয় হইবে:

(৩) বার্ষিক বেতনবৃদ্ধির ক্ষেত্রে বর্তমানে প্রচলিত দক্ষতার সীমা [Efficiency Bar-(EB)] সংক্রান্ত বিধানাবলী বিলুপ্ত হইবে।

**১২। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।**-(১) ১ জুলাই ২০১৫ তারিখে অথবা উহার পরে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীকে, বদলি বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত বিধান সাপেক্ষে, প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) বা তদূর্ধ্ব স্কেলের হয়, তাহা হইলে-

(ক) এক জন এম.বি.বি.এস ডিগ্রিধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রিধারীকে ১ (এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি এইরূপ ডিগ্রি সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং বা স্থাপত্যবিদ্যায় ডিগ্রি বা মাস্টার্স ডিগ্রিসহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনস্টিটিউট) হইতে ফিজিক্যাল প্ল্যানিং এ ডিগ্রি রহিয়াছে, অথবা আইন বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি রহিয়াছে এবং যদি এইরূপ ডিগ্রি সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, সেই সকল কর্মচারীকে ২ (দুই)টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে;